MAR. 24 2002
দৈনিক ইত্তেফাক

MAR. 24 2002

আটকাদেশ অবৈধ

## সাত ছাত্রলীগ নেতাকে মুক্তির নির্দেশ

হাইকোর্ট ছাত্রলীগের সাত জনের আটকাদেশ অবৈধ ঘোষণা করে মুক্তির নির্দেশ দিয়েছেন। বিচারপতি আলী আসগর খান ও বিচারপতি আলতাফ হোসেন খানের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ গতকাল শনিবার এ নির্দেশ দিয়েছেন। ছাত্রলীগের কেন্দ্রীয় যুগ্ম সম্পাদক লিয়াকত শিকদার, প্রচার সম্পাদক রফিকুল ইসলাম কতোয়াল ও আন্তর্জাতিক সম্পাদক নজরুল ইসলাম বাবু এবং সদস্য নাজমুল হাসান অনিক, নাজমুল ইসলাম তুহিন, আব্দুল মমিন পাটওয়ারী ও স্বপন কর্মকারকে ২৫শে ফেব্রুয়ারী রাতে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার ধানমন্ডির বাড়ী থেকে ঈদের শুভেচ্ছা বিনিময় শেষে ফেরার পথে পুলিশ গ্রেফতার করে।

তাদের আটকাদেশের বিরুদ্ধে রিটের শুনানিকালে ছাত্রলীগের সাধারণ সম্পাদক অজয় কর খোকন, সহ-সভাপতি বলরাম পোদ্দার, খালিদ মাহমুদ চৌধুরী, সাইফুদ্দীন নাসির, প্রশান্ত ভূষণ বড়ুয়া, খলিলুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি